

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৯০
তেলিয়ামুড়া, ০৭ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
চাকমাঘাটে বিকাশ শিবির

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি তেলিয়ামুড়া ব্লকের চাকমাঘাটে দু'দিনব্যাপী বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। চাকমাঘাট নাট মন্দিরে লক্ষ্মীপুর ও চাকমাঘাট গ্রামপঞ্চায়েতকে নিয়ে এই বিকাশ শিবিরের আয়োজন করা হয়েছিল। শিবিরে তেলিয়ামুড়া মহকুমা প্রশাসন থেকে ৩১টি ওবিসি, ৩৫টি পিআরটিসি ও ১২টি এসটি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে ৩৪ জনের কাছ থেকে আয়ুস্মান ভারত কার্ডের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে।
